85


ভোরের কাগজ

তারিখ JUN 1 4 1999
পৃষ্ঠা ১৪ কলাম ৬


# ঢাকা বিশ্ববিদ্যালয়ে অন্যরকম গ্রন্থমেলা

মুদাব্বির হোসেন তনু

ক্যাম্পাস

ক্লাস শেষ। প্রতিদিনকার মতো লাইব্রেরি ওয়ার্ক করতেই চললাম লাইব্রেরির দিকে। পৌঁছেই চমকে উঠলাম। সেন্ট্রাল লাইব্রেরির গেটের দুপাশ সাজানো বিভিন্ন রঙে রঙিন হার্ডবোর্ড দিয়ে! সাজানো বোর্ডের সামনে কয়েকজন ছেলেমেয়ে দাঁড়ানো। তাই এর ওপরকার লেখাজোখা পড়তে পারলাম না। জিজ্ঞাসু মন নিয়ে ব্যাগ জমা দিয়ে টোকেন নিলাম। ঘুরানো দরজা ঠেলে ভিতরে ঢুকতেই চমক কাটলো। এখানটা আরো সুন্দর করে সাজানো বই দিয়ে। সারি সারি শেলফ, সব বইয়ে ভরতি। গ্লাসে মোড়া তিনটি টেবিল সেগুলোর মধ্যেও বই। টেবিল, তাকের মাঝখানে, আশপাশে অনেকগুলো টবের মধ্যে লাগানো গাছ। প্রকৃতির আর বিদ্যার অপূর্ব সমন্বয় যেন। পাশেই সোলার ওপর আঁকা নজরুলের বুক পর্যন্ত ছবি। নজরুল যেন স্বগৌরবে বুক ফুলিয়ে দাঁড়িয়ে সকলকে দেখাচ্ছেন তারই বইয়ের প্রদর্শনী। তিনটি তাকের মধ্যে সাজানো নজরুলের বিভিন্ন রচনা। গল্প, উপন্যাস, কবিতা, নাটক শিশুসাহিত্য, সঙ্গীত, প্রবন্ধ, নজরুলের বিভিন্ন রচনা সম্পর্কিত আলোচনা-সমালোচনা সব আলাদা



আলাদাভাবে সুসজ্জিত। বিভিন্ন ব্যক্তির লেখা নজরুলের জীবনি এবং তার কাজের তুলনামূলক আলোচনা বিষয়ক গ্রন্থগুলোও বাদ যায়নি প্রদর্শনীতে। পাশেই একটি কম্পিউটার রাখা আছে দর্শকদের জন্য। সরাসরি ইন্টারনেট কানেকশনও রয়েছে এতে। মনিটরে প্রদর্শিত হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হোমপেজ। উল্লেখ্য, এতোদিন যাবৎ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোনো হোমপেজ ছিল না। এই প্রদর্শনী এবং লাইব্রেরিকে কম্পিউটারাইজড করার অংশ হিসেবে এই ওয়েব পেজ তৈরি করে ঢাকা ইউনিভার্সিটি লাইব্রেরি অটোমেশন প্রজেক্ট। এর ঠিকানা http://www.univdhaka.edu। এখান থেকে বিশ্বের যেকোনো জায়গায় বসে যে কেউই নজরুলের সবগুলো বইয়ের লিস্ট ডাউনলোড করতে পারবেন। প্রদর্শনীতে রাখা রফিকুন নবীর আঁকা নজরুলের স্কেচটি চোখে পড়ার মতো। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দীর্ঘ ৭৮ বছরের জীবনে এ রকম কোনো প্রদর্শনী হয়নি। এবার নজরুলের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার লাইব্রেরি অটোমেশন প্রজেক্টের সহায়তায় এ প্রদর্শনীর ব্যবস্থা করে। ২৬ মে থেকে ৩১ মে পর্যন্ত এ প্রদর্শনী চলে সকাল ৮টা থেকে রাত ৯টা পর্যন্ত। প্রতিদিন প্রায় ২০০ জন করে ছাত্রছাত্রী এ প্রদর্শনী দেখেছে। অনেকগুলো দুষ্প্রাপ্য ও প্রথম সংস্করণের বইসহ নজরুলের প্রায় সকল বই-ই এখানে ছিল। কুমিল্লার প্রয়াত মোঃ নূরুল হকের ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকগুলো দুষ্প্রাপ্য বই সংগ্রহ করা হয়। প্রদর্শনী উপলক্ষে গ্রন্থাগার নজরুলের গ্রন্থসমূহের একটি তালিকাও প্রকাশ করে। পুস্তিকাটি সম্পাদনা করেন ড. ফজলুল করিম এবং বই সংগ্রহ ও তালিকা প্রস্তুত করেন বদরুল আহসান ও অটোমেশন প্রজেক্টের সকলে। তালিকাটি সকলকে বিনামূল্যে প্রদান করা হয়। এতে নজরুলের প্রতিটি বইয়ের কল নম্বর (ঢা.বি. সেন্ট্রাল লাইব্রেরি) সংযুক্ত করায় প্রদর্শনীর পরেও প্রতিটি বই পড়া সম্ভব হবে। প্রদর্শনী সম্বন্ধে বিশ্ববিদ্যালয়ের ভিসি এ কে আজাদ চৌধুরী বলেন, 'গ্রন্থাগারে নজরুলের গ্রন্থবিষয়ক সর্বপ্রথম প্রদর্শনীর আয়োজন করতে পেরে আমি গর্বিত। সুন্দর পরিবেশ বজায় থাকলে ভবিষ্যতে এ রকম আরো প্রদর্শনী করা সম্ভব হবে'। প্রদর্শনীর স্থান নির্বাচন খুবই ভালো হয়েছে। ফলে যারাই লাইব্রেরিতে প্রবেশ করেছে, প্রত্যেকের চোখেই প্রদর্শনীটি পড়েছে। সাধুবাদ বিশ্ববিদ্যালয় এবং লাইব্রেরিকে, সাধুবাদ তাদের প্রচেষ্টার জন্য।